

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ১৬.০৮.২০২৩

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস  
পালন উপলক্ষ্যে 'আগস্ট হত্যাকাণ্ড: বর্তমানের দায়' শীর্ষক  
সেমিনার ও আলোচনা সভা ২০২৩

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘরে আগামী ১৯ আগস্ট ২০২৩, শনিবার, বিকাল ৪ টায় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে 'আগস্ট হত্যাকাণ্ড: বর্তমানের দায়' শীর্ষক সেমিনার ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব খলিল আহমদ। মূল প্রবন্ধ উপস্থাপন করবেন বিশিষ্ট সাংবাদিক জনাব মনজুরুল আহসান বুলবুল। আলোচক হিসেবে উপস্থিত থাকবেন বীর মুক্তিযোদ্ধা, গবেষক এবং রাজনৈতিক ও নিরাপত্তা বিশ্লেষক মেজর জেনারেল (অব:) মোহাম্মদ আলী সিকদার। স্বাগত বক্তব্য প্রদান করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মোঃ কামরুজ্জামান। সভাপতিত্ব করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘর পর্যদ সভাপতি অধ্যাপক ডা আ আ ম স আরেফিন সিদ্দিক।

উক্ত সেমিনার ও আলোচনা সভার সংবাদ গ্রহণের জন্য আপনার বহুল প্রচারিত সংবাদ মাধ্যমের প্রতিনিধি প্রেরণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

সাইদ সামসুল করীম  
শিক্ষা অফিসার  
বাংলাদেশে জাতীয় জাদুঘর

বার্তা সম্পাদক/ বার্তা পরিচালক

ঢাকা